

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, কুমিল্লা
ddcomilla.dae@gmail.com

স্মারক নং- ২৩৩৬

তারিখ: ০৫/১১/২০২৩ খ্রি.

বিষয়: চলতি রোপা আমণ ফসলে বাদামী গাছ ফড়িং সহ বিভিন্ন পোকামাকড় ও রোগবালাই এর আক্রমণে প্রয়োজনীয় সতর্কীকরণ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমণ ধানে কুশি অবস্থা থেকে পরিপক্ব হওয়া পর্যন্ত বাদামী গাছ ফড়িংসহ বিভিন্ন পোকামাকড় ও রোগবালাই এর আক্রমণ দেখা দিতে পারে। পোকামাকড় ও রোগবালাই এর সম্ভাব্য আক্রমণ প্রতিরোধ করে কৃষকের ফসল রক্ষার্থে সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিত থেকে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১. প্রত্যেক ব্লকের কমপক্ষে ১০ টি স্থানে নিয়মিতভাবে এসএএও কর্তৃক আলোকফাঁদ স্থাপনের মাধ্যমে ধানের ক্ষতিকর পোকামাকড় জরিপকরতঃ দমনের কার্যক্রম চালু রাখতে হবে। উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ(ইউএও, এইও, এএইও, এসএপিপিও গণ) নিয়মিতভাবে আলোকফাঁদ কার্যক্রম মনিটরিংপূর্বক ছবি সংরক্ষণ করবেন।
২. প্রত্যেক উপজেলা কৃষি অফিসার বাদামী গাছ ফড়িং সহ অন্যান্য ক্ষতিকর পোকা দমনে এইও, এএইও, এসএপিপিও কে আহ্বায়ক করে স্কেয়াড গঠন করবেন এবং ইউনিয়নওয়ারী দায়িত্ব বিভাজন করে তথ্য অফিসে সংরক্ষণ করবেন। স্কেয়াডের প্রতিদিনের কার্যক্রম (ছবি ও তথ্য) ফ্রুপে পোষ্ট করবেন ও সংরক্ষণে রাখবেন।
৩. চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমণ ধানের জমিতে কিছু কিছু এলাকায় দুধ অবস্থা থেকে পাকা (পরিপক্ব) অবস্থা চলছে। এই সময়ে ব্লাস্ট এর আক্রমণ পরিলক্ষিত হতে পারে (বিশেষ করে ব্রি ধান৩৪ এর ক্ষেত্রে)বিধায় নেক ব্লাস্ট দমনে আগাম সতর্ককতাস্বরূপ সার্বক্ষণিক মার্চ মণিটরিং জোরদারকরণপূর্বক কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. বাদামী গাছ ফড়িং ও অন্যান্য রোগবালাই দমনের জন্য সঠিক ও কার্যকর বালাইনাশক কৃষকদের নিকটবর্তী বালাইনাশক ডিলারের দোকানে সহজলভ্য করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. প্রয়োজনে কৃষক পর্যায়ে বাদামী গাছ ফড়িং ও ব্লাস্ট দমন ব্যবস্থাপনার লিফলেট বিতরণ করা যেতে পারে।


এ বিষয়ে যেকোন পর্যায়ের কর্মকর্তার যে কোন রকম গাফিলতি, শৈথিল্য, অবহেলা, উদাসীনতা উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্যের শামিল বলে বিবেচিত হবে।


বিষয়টি অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ।

উপজেলা কৃষি অফিসার (সকল)
কুমিল্লা।

অনুলিপি:

১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। সদয় জ্ঞাতার্থে।
২. জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
৩. অতিরিক্ত উপপরিচালক(শস্য/পিপি/উদ্যান), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা। জ্ঞাতার্থে ও কার্যার্থে।


০৫.১১.২৩
শেখ আজিজুর রহমান
অতিরিক্ত উপ পরিচালক (পি পি)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, কুমিল্লা।


আইউব মাহমুদ
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, কুমিল্লা